"মিষ্টি বাচ্চারা - এখন আর এক মুঠো চানা অর্থাৎ বিনাশী বস্তুর পিছনে নিজের সময় নষ্ট কোরো না, এখন বাবার সহযোগী হয়ে বাবার সুনাম বৃদ্ধি করো"

*প্রশ্নঃ - এই জ্ঞান মার্গে তোমরা এগিয়ে যাচ্ছো, তার প্রমাণ কি?

*উত্তরঃ - যে বাচ্চাদের শান্তিধাম আর সুখধাম সর্বদা স্মরণে থাকে। স্মরণের সময় বুদ্ধি কখনও এদিক ওদিক যায় না, বুদ্ধিতে ব্যর্থ চিন্তন চলে না, বুদ্ধি একাগ্র থাকে, তারা ঝিমায় না, খুশীর পারদ সর্বদা তুঙ্গে থাকে, তো এর দ্বারা প্রমাণিত হয় যে তারা এগিয়ে চলেছে ।

ওম্ শান্তি । বাচ্চারা এই সময়ে এইখানে বসে আছে। এমন মনে হবে যেন শিবালয়ে বসে আছো। শিববাবাও স্মরণে আছেন। স্বর্গও স্মরণে আছে। স্মরণের দ্বারা-ই সুখ প্রাপ্ত হয়। এই কথাও যদি স্মরণে থাকে, আমরা শিবালয়ে বসে আছি তাতেও খুশি অনুভব হবে। শিবালয়ে যেতে তো হবে সবাইকে শেষ সময়ে। শান্তিধামে গিয়ে কেউ বসবে না। বাস্তবে শান্তিধামকেও শিবালয় বলা হবে, সুখধামকেও শিবালয় বলা হবে। দুয়েরই স্থাপনা করেন। বাচ্চারা তোমাদের দুই ধামকেই স্মরণ করতে হবে। এক শিবালয় হলো শান্তির জন্য, অন্যটি হলো সুখের জন্য। এটা হলো দুঃখ ধাম। এখন তোমরা সঙ্গমে বসে আছো। শান্তিধাম ও সুখধাম ছাড়া অন্য কিছুই স্মরণ করা উচিত নয়। যেখানেই বসে থাকো, ব্যবসা ইত্যাদিতে বসে থাকো তবুও বুদ্ধিতে দুটি শিবালয় যেন স্মরণে থাকে। দুঃখ ধামের কথা ভুলে যেতে হবে। বাচ্চারা জানে এই বেশ্যালয়, দুঃখধাম এবারে শেষ হয়ে যাবে।

বাচ্চারা এখানে তোমাদের ঝিমুনি ইত্যাদি আসা উচিত নয়। অনেকের বুদ্ধি এদিকে-ওদিকে ঘুরতে থাকে। মায়ার বিঘ্ন আসতে থাকে। বাচ্চারা, বাবা তোমাদের ক্ষণে ক্ষণে বলেন - মন্মনাভব। বিভিন্নভাবে যুক্তি বলে দেন। এখানে বসে আছো, বুদ্ধিতে স্মরণ করো যে আমরা প্রথমে শান্তিধামে, শিবালয়ে যাবো তারপরে সুখধামে আসবো। এমন ভাবে স্মরণ করলে পাপ বিনষ্ট হবে। তোমরা যত স্মরণ করো ততই এগিয়ে যাও। এখানে অন্য কিছু চিন্তন নিয়ে বসা উচিত নয়। এইভাবে তোমরা অন্যদের ক্ষতি করো। লাভ করার পরিবর্তে আরও ক্ষতি করো। আগে যখন বসতে তখন সামনে একজনকে চেক করার জন্য বসানো হত - কে বসে বসে ঝিমুনি খাচ্ছে, কার চোখ বন্ধ আছে। তাই সজাগ হয়ে থাকতো। বাবাও দেখতেন এদের বুদ্ধিযোগ কোথাও বাইরে ঘুরছে নাকি ঝিমাচ্ছে? এমন অনেকে আসে যারা কিছু বোঝে না। ব্রাহ্মণীরা নিয়ে আসে। শিববাবার সামনে ভালো ভালো বাচ্চাদের থাকা উচিত, যারা গাফিলতি করবে না, কারণ শিববাবা কোনও অর্ডিনারী বা সাধারণ টিচার নন। বাবা বসে শেখান। এখানে খুব সাবধান হয়ে বসা উচিত। বাবা ১৫ মিনিট শান্তিতে বসান। তোমরা তো এক ঘন্টা দু' ঘন্টা বসো। সবাই তো মহারথী নয়। যারা কাঁচা, তাদের সাবধান করতে হবে। সাবধান করলে সজাগ হয়ে যাবে। যারা স্মরণে থাকে না, ব্যর্থ চিন্তন করে, তারা বরং বিঘ্ন সৃষ্টি করে। কারণ বুদ্ধি এদিকে ওদিকে ঘোরে। মহারথী, অশ্বারোহী, পদাতিক সবাই বসে আছে।

বাবা আজ বিচার সাগর মন্থন করে এসেছেন - মিউজিয়ামে বা প্রদর্শনীতে তোমরা বাচ্চারা যারা শিবালয়, বেশ্যালয় এবং পুরুষোত্তম সঙ্গম যুগ তিনটি বিষয়ে বিস্তারিত বিবরণ দাও, এই বিষয়টি হলো খুব ভালো বোঝানোর জন্য। তোমাদের এই বিষয়টি বিশাল ভাবে তৈরি করা উচিত। এরজন্য সবচেয়ে ভালো বড় হলঘর হওয়া উচিত, যাতে কথা গুলো মানুষের বুদ্ধিতে ঢোকে। বাচ্চাদের বিচার করা উচিত যে এই বিষয়ে আমরা কিভাবে আরও ইম্প্রুভমেন্ট আনবো। পুরুষোত্তম সঙ্গম যুগ খুব ভালো তৈরি করা উচিত। যার দ্বারা মানুষ খুব ক্লিয়ার বুঝতে পারবে। তপস্যায় তোমরা ৫-৬ জনকে বসাও, কিন্তু না, ১০-১৫ জনকে তপস্যায় বসানো উচিত। বিশাল চিত্র তৈরি করে ক্লিয়ার শব্দে লেখা উচিত। তোমরা এত বোঝাও তবুও তারা থোড়াই বোঝে। তোমরা পরিশ্রম করো বোঝানোর জন্য, তারা পাথর বুদ্ধি যে। তাই যত ভালো করে বোঝাতে পারো, বোঝানো উচিত। যারা সার্ভিসে থাকে তাদের সার্ভিস বৃদ্ধির চিন্তন করা উচিত। প্রজেক্টর, প্রদর্শনীতে এতখানি মজা নেই, যত খানি মিউজিয়ামে রয়েছে । প্রজেক্টর দিয়ে তো কিছুই বুঝতে পারে না। সবচেয়ে ভালো হলো মিউজিয়াম, সেটা যত ছোটই হোক না কেন। একটি রুমে এই শিবালয়, বেশ্যালয় এবং পুরুষোত্তম সঙ্গম যুগের সীন থাকবে। বোঝানোর জন্য বিশাল বুদ্ধির প্রয়োজন আছে।

অসীম জগতের পিতা, অসীম জগতের টিচার এসেছেন তিনি কি অপেক্ষা করবেন নাকি যে বাচ্চারা এম.এ , বি.এ পাস করে যাক। বাবা কি আর বসে থাকবেন। কিছু সময় পরে চলে যাবেন। এত কম সময় আছে তবুও মানুষ জাগে না। ভালো ভালো কন্যারা বলবে এই ৪০০-৫০০ টাকার জন্য কে নিজের সময় নষ্ট করবে। তাহলে শিবালয়ে আমরা কি পদের অধিকারী হবো! বাবা দেখেন কুমারী কন্যারা তো ফ্রী আছে। যতই বেশি মাইনে হোক, সে তো হলো এক মুঠো চানার সমান, সবই শেষ হয়ে যাবে। কিছুই থাকবে না। বাবা এসেছেন মুঠো ভরা চানা থেকে মুক্ত করতে কিন্তু কেউ ছাড়তে চায় না। ঐখানে আছে মুঠো ভর্তি চানা, এইখানে আছে বিশ্বের বাদশাহী। সেসব পাই পয়সার চানা তার জন্য কত পরিশ্রম করে । কুমারী কন্যারা তো ফ্রী আছে। ওই পড়াশোনা তো পাই পয়সার। ওইসব ছেড়ে এই পড়াশোনায় মনোনিবেশ করলে বুদ্ধিও বিশাল হবে। ছোট ছোট কন্যারা বসে গুরুজনদের জ্ঞান প্রদান করবে, বাবা এসেছেন - শিবালয় স্থাপন করতে। এই কথা তো জানো যে এখানকার সবকিছু মাটিতে মিশে যাবে। এই চানাও ভাগ্যে থাকবে না। কারো মুঠোয় পাঁচটি চানা অর্থাৎ পাঁচ লক্ষ টাকা থাকবে, সেসব শেষ হয়ে যাবে। এখন সময় খুব কম আছে। দিন-প্রতিদিন অবস্থা খারাপ হতে থাকবে। অকস্মাৎ বিপদ এসে পড়বে। মৃত্যুও হবে হঠাৎ করে, মুঠোয় চানা থাকা সত্ত্বেও প্রাণ বেরিয়ে যায়। অতএব মানুষকে এমন বানর স্বরূপ থেকে বিরত থাকার চেষ্টা করতে হবে। শুধুমাত্র মিউজিয়াম দেখে খুশী হবে না, বরং কামাল করে দেখাতে হবে। মানুষকে সঠিক করতে হবে। বাচ্চারা, বাবা তোমাদের বিশ্বের বাদশাহী দিচ্ছেন। বাকি তো চানা অর্থাৎ বিনাশী সম্পদ কারো ভাগ্যে থাকবে না। সব শেষ হয়ে যাবে, তার চেয়ে বরং বাবার কাছে বাদশাহী প্রাপ্ত করা ভালো। কোনও কষ্ট নেই। শুধু বাবাকে স্মরণ করতে হবে এবং স্বদর্শন চক্র ঘোরাতে হবে। চানা ভরা মুঠো খালি করে হীরে-জহরাত দিয়ে মুঠো ভর্তি করে ফিরে যেতে হবে।

বাবা বোঝান - মিষ্টি বাচ্চারা, এই মুঠো ভর্তি চানার জন্যে তোমরা নিজেদের সময় কেন নষ্ট করছ ? হ্যাঁ, কেউ যদি বয়স্ক মানুষ থাকে বা অনেক সন্তান থাকলে রক্ষণাবেক্ষণ করতে হয় । কুমারী কন্যাদের জন্যে তো খুব সহজ, যে আসুক তাকেই বোঝাও যে বাবা আমাদের এই বাদশাহী দিচ্ছেন। অতএব বাদশাহী নেওয়া উচিত তাইনা। এখন তোমাদের মুঠো হীরে দিয়ে ভরছে। বাকি অন্য সব কিছু তো বিনাশ হয়ে যাবে। বাবা বোঝান তোমরা ৬৩ জন্ম পাপ কর্ম করেছ। দ্বিতীয় পাপ হল পিতা ও দেবতাদের গ্লানি করা। বিকারীও হয়েছ এবং কটু কথাও বলেছ। বাবার কত অপমান করেছ। বাবা বসে বাচ্চাদের বোঝান - বাচ্চারা, সময় নষ্ট করা উচিত নয়। এমন নয়, বাবা আমরা স্মরণ করতে পারব না। বলো, বাবা আমরা নিজেদের আত্মা রূপে স্মরণ করতে পারি না। নিজেকে ভুলে যাই। দেহ-অভিমানে আসা অর্থাৎ নিজেকে ভুলে যাওয়া। নিজেকে আত্মা রূপে স্মরণ করতে না পারলে বাবাকে স্মরণ করবে কিভাবে। এই লক্ষ্য খুব উঁচুতে। খুব সহজও বটে। তবে হ্যাঁ , মায়ার বিরোধিতা চলতেই থাকে।

মানুষ যদিও গীতা ইত্যাদি পড়ে কিন্তু তার অর্থ বোঝে না। ভারতের মুখ্য শাস্ত্র হল গীতা। প্রত্যেকটি ধর্মের নিজস্ব একটি শাস্ত্র আছে। যারা ধর্ম স্থাপন করে তাদের সদগুরু বলা যাবে না। এই কথাটি বিশাল ভুল। সদগুরু তো কেবল একজনই আছে, বাকি গুরু তো সবাইকেই বলা যেতে পারে। কেউ কার্পেন্টারির কাজ শিখিয়েছে, কেউ ইঞ্জিনিয়ারিং এর কাজ শিখিয়েছে তাদেরও গুরু বলা হবে। যিনি শিক্ষা দেন তিনিই হলেন গুরু, সদগুরু যদিও একজন। এখন তোমরা সদগুরু পেয়েছ তিনি হলেন সত্য পিতা তার সঙ্গে সত্য টিচারও হলেন তিনি তাই বাচ্চাদের বেশী গাফিলতি করা উচিত নয়। এখানে ভালো ভাবে রিফ্রেশ হয়ে যায় তারপরে ঘরে ফিরে এখানকার সব কথা ভুলে যায়। গর্ভ রূপী জেলে অনেক দন্ড ভোগ করে। সেখানে অর্থাৎ স্বর্গে হয় গর্ভ মহল। এমন কোনও বিকর্ম হয় না যে দন্ড ভোগ করতে হবে। এখানে তোমরা বাচ্চারা বুঝতে পারছ আমরা বাবার সামনে ঈশ্বরীয় পড়া করছি। বাইরে নিজের বাড়িতে এমন তো বলবে না। ওখানে বুঝবে ভাই পড়াচ্ছে। এখানে তো বাচ্চারা ডাইরেক্ট বাবার কাছে এসেছে । বাবা বাচ্চাদের ভালো ভাবে বোঝান। বাবার বোঝানোর কায়দা এবং বাচ্চাদের বোঝানোর কায়দা আলাদা হয়ে যায়। বাবা বসে বাচ্চাদের সাবধান করেন। বাচ্চা বাচ্চা সম্বোধন করে বোঝান। তোমরা শিবালয় এবং বেশ্যালয়ের অর্থ বুঝেছ, এ হল অসীম জগতের কথা। এই কথাটি ক্লিয়ার করে দেখাও যাতে মানুষের একটু আনন্দ হয়। ওখানে হাসি মজা করে বোঝাও, একটু সিরিয়াস হয়ে বোঝাও তাহলে ভালোভাবে বুঝবে। নিজের উপরে দয়া করো, তোমরা কি এই বেশ্যালয়ে থাকবে ! বাবার চিন্তন চলে যে, কীভাবে বোঝানো যায়। বাচ্চারা অনেক পরিশ্রম করে তবুও (ডিব্বি মে ঠিকরি) কিছুই কাজ হয় না। হ্যাঁ হ্যাঁ বলে যায়, গ্রামে বোঝানো উচিত। কিন্তু নিজে বোঝে না। ধনী ব্যক্তি তো বুঝবেও না। একেবারেই মনোযোগ দেবে না। তারা সব শেষে আসবে। তখন তো খুব দেরি হয়ে যাবে। তাদের ধন সম্পদ কাজে লাগবে না, যোগেও বসতে পারবে না। যদিও, একটু শুনলেও প্রজা পদ প্রাপ্ত করবে। গরীব মানুষ উঁচু পদের অধিকারী হবে। কন্যারা তোমাদের কাছে কি আছে । কন্যাদের গরিব বলা হয় কারণ বাবার অবিনাশী অধিকার তো বাচ্চারাই প্রাপ্ত করে। কিন্তু হ্যাঁ, যদি কন্যা দান করা হয়, তখন

